

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
মানব সম্পদ উন্নয়ন শাখা
www.dls.gov.bd

৬ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ
তারিখ: ২১ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.১১০.৫৩.০০৮.২২.১৯৬১

বিষয়: ভারত থেকে মুররাহ জাতের ১৪৯টি বাছুরসহ দুগ্ধবতী মহিষ এবং ১০টি ষাঁড় মহিষ আমদানীর অনুমতি প্রদান সংক্রান্ত।

সূত্র: (১) জেনটেক ইন্টারন্যাশনাল লি. এর ২০/০৯/২০২৩ খ্রি. তারিখের পত্র।

(২) মহাপরিচালক প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা এর পত্র নং ৬১৩, তারিখ: ২১/০৭/২০২৩খ্রি.।

(৩) জেনটেক ইন্টারন্যাশনাল লি. এর ০৯/১১/২০২২ খ্রি. তারিখের পত্র।

(৪) মহাপরিচালক প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা এর পত্র নং ৫৫১, তারিখ: ২৮/০৭/২০২২খ্রি.।

(৫) প্রকল্প পরিচালক, মহিষ উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়) এর পত্র নং ৪৩ তারিখ: ২০/০১/২০২০খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আমদানী নীতি আদেশ ২০২১-২০২৪ এর অনুচ্ছেদ ২৫ (২৯), পশুরোগ আইন-২০০৫ এর সংশ্লিষ্ট ধারা এবং পশু ও পশুজাত পণ্যের সংগনিরোধ আইন-২০০৫ অনুসরণপূর্বক মহিষ উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়) শীর্ষক প্রকল্পের আওতায় সংযুক্ত তালিকায় বর্ণিত (পেরিশিট-ক) মুররাহ জাতের ১৪৯টি বাছুরসহ দুগ্ধবতী মহিষ ও ১০টি ষাঁড় মহিষ নিম্নোক্ত শর্তসাপেক্ষে জেনটেক ইন্টারন্যাশনাল লি.-কে বিদেশ থেকে আমদানী করার জন্য অনুমতি প্রদান করা হলো:

শর্তাবলী:

০১। আমদানিতব্য মুররাহ জাতের ১৪৯টি বাছুরসহ দুগ্ধবতী মহিষ এবং ১০টি ষাঁড় মহিষ Contagious Disease and Tick and Mite free and vaccinated against Haemorrhagic septicaemia (H.S), Black Quarter (BQ) and Foot-and-mouth disease (FMD) মুক্ত মর্মে রপ্তানিকারক দেশের যথাযথ কর্তৃপক্ষের সনদ থাকতে হবে এবং তা আমদানিকালীন সময়ে প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন স্টেশন বেনাপোল যশোর-এ দাখিল করতে হবে।

০২। আমদানিতব্য ১৪৯টি বাছুরসহ দুগ্ধবতী মহিষ ও ১০টি ষাঁড় মহিষ এর Ear Tag/UID নম্বর ANNAXURE-A তে বর্ণিত নম্বরের সাথে মিল থাকতে হবে এবং কোয়ারেন্টাইনের সময় কোয়ারেন্টাইন কর্তৃপক্ষের নিকট তা নিশ্চিত করতে হবে।

০৩। Shipment এর পূর্বে আমদানিতব্য মুররাহ জাতের ১৪৯টি বাছুরসহ দুগ্ধবতী মহিষ ও ১০টি ষাঁড় মহিষ রোগমুক্ত মর্মে রপ্তানিকারক দেশের কর্তৃপক্ষ কর্তৃক কোয়ারেন্টাইন সার্টিফিকেট অফিসার-ইনচার্জ, প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন স্টেশন, বেনাপোল স্থল বন্দর, যশোর এর নিকট দাখিল করতে হবে এবং আমদানিতব্য মুররাহ জাতের ১৪৯ টি বাছুরসহ দুগ্ধবতী মহিষ ও ১০টি ষাঁড় মহিষ আমদানির পর আমদানিকারকের খরচে ও তত্ত্বাবধানে কোয়ারেন্টাইন আইন-২০০৫ এর ৬ নং আইন অনুযায়ী কোয়ারেন্টাইন কার্যক্রম সম্পন্ন করতে হবে।


০৪। কোয়ারেন্টাইন কার্যক্রম সম্পাদনের পর স্থানীয় সরকারী ভেটেরিনারিয়ান কর্তৃক রোগমুক্ত সনদ অধিদপ্তরে দাখিল করতে হবে। যদি কোয়ারেন্টাইনের সময় কোন মুররাহ জাতের ১৪৯ টি বাছুরসহ দুগ্ধবতী মহিষ ও ১০টি ষাঁড় মহিষ রোগাক্রান্ত বলে সনাক্ত হয়, তবে আমদানিকারক নিজ খরচে কোয়ারেন্টাইন আইনের ধারা ১০ অনুযায়ী ব্যবস্থা নিবেন।

০৫। আমদানী সংক্রান্ত সকল বিধিবিধান অনুসরণ করতে হবে।

০৬। মুররাহ জাতের ১৪৯ টি বাছুরসহ দুগ্ধবতী মহিষ ও ১০টি ষাঁড় মহিষ গ্রহণকারী প্রতিষ্ঠান প্রধান/সংশ্লিষ্ট কর্মকর্তা ফোকাল পয়েন্ট/কন্টাক্ট পার্সন হিসাবে কাজ করবেন। তিনি প্রতিমাসে প্রাণিগুলির সার্বিক বিষয়ে একটি প্রতিবেদন অধিদপ্তরে দাখিল করবেন।

০৭। উপরোক্ত কোন শর্ত ভঙ্গ করলে, ভবিষ্যতে কোন আবেদন বিবেচনার অযোগ্য বলে বিবেচিত হবে এবং বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮। এ আদেশ সূত্রোক্ত ২নং ক্রমিকে বর্ণিত কার্যদেশের সময় সীমা পর্যন্ত বলবৎ থাকবে।



২৪-০৯-২০২৩

ডাঃ পল্লব কুমার দত্ত
উপপরিচালক


জেনটেক ইন্টারন্যাশনাল লি., ৮৬, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা।।

স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.১১০.৫৩.০০৮.২২.১৯৬১/১ (৭)

তারিখ: ৬ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ
২১ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, প্রশাসন শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর;
- ২। কমিশনার, কাস্টম হাউস, বেনাপোল স্থল বন্দর, যশোর।;
- ৩। প্রকল্প পরিচালক, মহিষ উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়), প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।;
- ৪। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, যশোর।;
- ৫। অফিসার ইনচার্জ, আইসিটি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৬। অফিসার-ইনচার্জ, প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন স্টেশন, বেনাপোল স্থল বন্দর, যশোর। এবং
- ৭। অফিস কপি, ।



২৪-০৯-২০২৩

ডাঃ পল্লব কুমার দত্ত
উপপরিচালক

সকল সংযুক্তিসমূহ:

- (১) ANNEXURE-A
- (২) অন্যান্য সংযুক্তি